# ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা যৌথভাবে ভারত-বাংলাদেশ মৈত্রী পাইপলাইন উদ্বোধন করলেন

18 মার্চ, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী, H.E. শেখ হাসিনা আজ ভার্চুয়াল মোডে যৌথভাবে ভারত-বাংলাদেশ মৈত্রী পাইপলাইন (IBFP) উদ্বোধন করেন। 2018 সালের সেপ্টেম্বরে উভয় প্রধানমন্ত্রীর দ্বারা এই পাইপলাইন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল। নুমালিগড় রিফাইনারি লিমিটেড 2015 সাল থেকে বাংলাদেশে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ করছে। এটি ভারত এবং তার প্রতিবেশীদের মধ্যে দ্বিতীয় আন্তঃসীমান্ত এনার্জি পাইপলাইন।

বিদ্যুৎ ও জ্বালানি খাতে সহযোগিতা ভারত-বাংলাদেশ সম্পর্কের অন্যতম বৈশিষ্ট্য হয়ে উঠেছে। IBFP হল ভারত ও বাংলাদেশের মধ্যে প্রথম আন্তঃসীমান্ত এনার্জি পাইপলাইন যা বাংলাদেশে বছরে 1 মিলিয়ন মেট্রিক টন (MMTPA) হাই-স্পিড ডিজেল (HSD) পরিবহনের ক্ষমতা রাখে। বাংলাদেশের সাথে বর্ধিত সংযোগ দুই পক্ষের জনগণের মধ্যে যোগাযোগকে আরও শক্তিশালী করে তুলবে।

বাংলাদেশ ভারতের শীর্ষ উন্নয়ন অংশীদার এবং এই অঞ্চলে তার বৃহত্তম বাণিজ্য অংশীদার। মৈত্রী পাইপলাইন চালুর ফলে দুই দেশের মধ্যে চলমান জ্বালানি সহযোগিতা বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিশেষ করে কৃষি খাতে আরও প্রবৃদ্ধি ঘটবে।

এদিন প্রধানমন্ত্রী, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এই প্রকল্পের বিষয়ে তার সার্বক্ষণিক দিকনির্দেশনার জন্য ধন্যবাদ জানান এবং দুই দেশের জনগণের স্বার্থে তার সঙ্গে ভবিস্যতে কাজ চালিয়ে নিয়ে যাওয়ার ইচ্ছাও প্রকাশ করেন।

**নয়া দিল্লি**

**18 মার্চ, 2023**